যুগান্তর

তারিখ: 18 AUG 2009
পৃষ্ঠা: ৩ কলাম: ৩

# বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ৪৯তম প্রতিষ্ঠা দিবস আজ

## দিনব্যাপী নানা কর্মসূচি

আতাউল করিম খোকন/বদরুল হাসান রিয়াদ, *ময়মনসিংহ ব্যুরো*

আজ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ৪৯তম প্রতিষ্ঠা দিবস। ১৯৬১ সালে প্রতিষ্ঠা লাভের পর দক্ষিণ এশিয়ার উচ্চতর কৃষি শিক্ষার অন্যতম বিদ্যাপীঠ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় গৌরবোজ্জ্বল ৪৮ বছর পার করে আজ উদযাপন করতে যাচ্ছে ৪৯তম প্রতিষ্ঠা দিবস। এ উপলক্ষে বিশ্ববিদ্যালয়ে দিনব্যাপী নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। আজ সকাল ১১টায় মুক্তিযুদ্ধ স্মৃতিস্তম্ভের সামনে থেকে বর্ণাঢ্য র‍্যালির মাধ্যমে দিবসের কার্যক্রম শুরু হবে। এতে প্রধান অতিথি থাকবেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ প্রতিমন্ত্রী ক্যাপ্টেন (অব.) ডা. মজিবুর রহমান ফকির, বিশেষ অতিথি থাকবেন ময়মনসিংহ-৪ আসনের সাংসদ অধ্যক্ষ মতিউর রহমান, টাঙ্গাইল-৮ আসনের সাংসদ কৃষিবিদ শওকত মোমেন শাহজাহান, ময়মনসিংহ সদর উপজেলার চেয়ারম্যান ফয়জুর রহমান ফকির, কিশোরগঞ্জের ভৈরব উপজেলার চেয়ারম্যান কৃষিবিদ মোস্তাক আহমেদ বুলবুল, শেরপুরের নালিতাবাড়ি উপজেলার চেয়ারম্যান কৃষিবিদ বদিউজ্জামান বাদশা ও রংপুরের বদরগঞ্জ উপজেলার চেয়ারম্যান কৃষিবিদ বিশ্বনাথ সরকার বিটু। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এমএ সাত্তার মণ্ডল। দিবসের অন্যান্য কর্মসূচির মধ্যে রয়েছে: বিনামূল্যে রক্তের গ্রুপ নির্ণয়, বৃক্ষরোপণ, ফিচার প্রদর্শনী, সেমিনার, কৃষি যন্ত্রপাতি প্রদর্শনী, মাছের পোনা অবমুক্তকরণ ও বিশ্ববিদ্যালয়ের মসজিদ ও উপাসনালয়ে বিশ্ববিদ্যালয়ের সমৃদ্ধি কামনা করে মোনাজাত। ময়মনসিংহ শহর থেকে ৪ কিলোমিটার দক্ষিণে পুরনো ব্রহ্মপুত্র নদের পশ্চিম প্রান্তে চিরসবুজে ঘেরা নয়নাভিরাম পরিবেশে ৪৮৫ হেক্টর পরিমিত এলাকা নিয়ে গড়ে উঠেছে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস। এখানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদীয় ভবন, প্রশাসন ভবন ও আবাসিক ভবন ছাড়াও একগুচ্ছ গবেষণা খামার, উদ্যান ও সংশ্লিষ্ট অন্যান্য সুবিধা বর্তমান। এছাড়া

আজ : পৃষ্ঠা ২ : কলাম ৮

## আজ : কৃষি...

(৩য় পৃষ্ঠার পর) ক্যাম্পাসে অবস্থিত দুটি গুরুত্বপূর্ণ গবেষণা প্রতিষ্ঠান, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইন্সটিটিউট এবং বাংলাদেশ মৎস্য গবেষণা ইন্সটিটিউটে বিদ্যমান সুবিধাদি বিশ্ববিদ্যালয়ের গবেষণা কার্যক্রম পরিচালনায় ব্যবহৃত হয়ে থাকে।

বিশ্ববিদ্যালয় স্নাতক পর্যায়ে ডিভিএম, বিএসসিএজি (অনার্স), বিএসসিএএইচ (অনার্স), বিএসসি এজি ইকন (অনার্স), বিএসসি এগ্রি ইঞ্জি, বিএসসি ফুড ইঞ্জি এবং বিএসসি ফিশারিজ (অনার্স) ডিগ্রি প্রদান করে থাকে। স্নাতকোত্তর পর্যায়ে মোট ৪২টি শিক্ষা বিভাগে একটানা তিন সেমিস্টারে বিন্যস্ত কোর্স-ক্রেডিট ও গবেষণাভিত্তিক এমএস ডিগ্রি কার্যক্রম পরিচালনা করে। এছাড়া ডক্টরেট কার্যক্রম পূর্ণকালীন তিন বছর মেয়াদি। বর্তমানে বিশ্ববিদ্যালয়ের ৩৫টি বিভাগ থেকে ৩৯টি বিষয়ে পিএইচডি ডিগ্রি প্রদান করা হচ্ছে। এ যাবৎ বিশ্ববিদ্যালয় থেকে ২২ হাজার ৫৯ জন স্নাতক, ১১ হাজার ৩৬৬ জন স্নাতকোত্তর এবং ২৬৭ জন পিএইচডি ডিগ্রি অর্জন করেছেন।